5088

I 2877

10 Rs.




Declaration form u/s 27 verified with deed of agreement bearing no. 1951 for 1997 of ADSR Behala
01.12.99

A 4158

কোবালা গ্রহিতা : শ্রী উমা শঙ্কর মণ্ডল
পিতা - মনিলাল মণ্ডল
জাতি হিন্দু, পেশা চাকুরী,
সাং ১৭১/১/১ ডায়মণ্ডহারবার রোড, থানা - ঠাকুরপুকুর,
কলিকাতা - ৭০০ ০৬৩, জেলা - দক্ষিন ২৪ পরগণা ।

01/12/99

কোবালা দাতী : শ্রীমতী গীতা চৌধুরী
স্বামী শ্রী নীরেন্দু চৌধুরী
জাতি হিন্দু, পেশা চাকুরী,
সাং ৬নং হিংঘল জমাদার লেন,
থানা - বেনিয়াপুকুর, কলিকাতা - ৭০০ ০৪৬,
জেলা দক্ষিণ ২৪ পরগণা ।

ক্রমশ.........

SRI MAINAK BISWAS
Constituted Power of Attorney of
SRI. SUMANTRA MULLICK
SRI. SUJOY MULLICK
SRI. SANTANU MULLICK
SRI. SANDIP MULLICK
SRI. UMA SHANKAR MONDAL

SHREE SAI CONSTRUCTION
Proprietor

02883

TAPAN KR. DEY

LICENSED STAMP VENDOR
Exchange
Basement, Cal-1

26 APR 1999

Gita Chowdhury

01/12/99

Geeta Choudhury



Geeta Choudhury.

Kanan Ch. Sarkar
Father – Late Kartick Ch. Sarkar
47/1B. N.C. Das Road,
Calcutta - 700 034.

M. Kartick Ch. Sarkar
47/1B N. C. Das Road
24 Pgs (S)

1.12.99

SHREE SAI CONSTRUCTION

Proprietor

কস্য **সাফ বিক্রয় কোবালা পত্র** মিদং কার্য্যাঞ্চাগে :-

স্থানে লিখিতং জেলা দক্ষিণ ২৪ পরগণা থানা বেহালা হাল ঠাকুরপুকুর এ ডি এস আর ও বেহালা, পরগণা খাসপুর জে: এল: নং ২৩ তৌজি নং ১ - ৬, ৮ - ১০, ১২ - ১৬ মৌজা পূর্ব্ব বড়িষা গ্রামে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন সাউথ সুবারবন ইউনিটের অন্তর্গত ৬৭২ নং খতিয়ান ভুক্ত ২০৪৫ নং দাগে ৫ পাঁচ কাঠা ১ এক ছটাক ও ৩ তিন বর্গফুট জমিসহ অপরাপর সম্পত্তি পূর্ব্ব বড়িষা সাকিনের বংশীধর বিশ্বাসের দুই পুত্র শ্রী উদয় চন্দ্র বিশ্বাস এবং শ্রী প্রভাত চন্দ্র বিশ্বাস মহাশয়দ্বয় ইংরাজী ১৯০৬ সালের ১২ই সেপ্টেম্বর তারিখের একতো সাফ বিক্রয় কোবালা দলিল মূলে তৎকালীন উপযুক্ত মূল্যে খরিদ করিয়া নিব্যূঢ় সুত্বে সুত্ববান ও খাস দখলীকার বিদ্য মান থাকা অবস্থায় উক্ত সম্পত্তি সহ অপরাপর সম্পত্তি জেলা জরীপে উভয়ের নামে প্রত্যেকের ।।০ আট আনা রকম অংশে রেকর্ড হইয়া শুদ্ধভাবে সুত্বলিপি প্রচারিত হয় । উক্ত সম্পত্তি সহ অপরাপর সম্পত্তিতে যৌথ ভোগদখলের অসুবিধা হেতু আপোষে পৃথক চিহ্নিত বিভাগ বণ্টন করিয়া উক্ত আপোষ নামায় সমুদয় সম্পত্তির মধ্যে পূর্ব্ব দিকে ডায়মণ্ডহারবার রোড হইতে ৪' ফুট প্রশস্ত চলাচলের রাস্তা সহ সম্পত্তি আদি উক্ত শ্রী উদয় চন্দ্র বিশ্বাস মহাশয় প্রাপ্ত হইয়া দ্বাদশ বৎসরের বহু উর্দ্ধকাল যাবৎ ভোগবান ও খাস দখলীকার বিদামান থাকা অবস্থায় উক্ত সম্পত্তির মধ্যে কিছু সম্পত্তি জনৈক শ্রী দেবেন্দ্র নাথ মল্লিক মহাশয়কে বিক্রয় করত: দখলাদি প্রদানে নি:সুত্ব হইয়া উক্ত বিক্রীত সম্পত্তি বাদে অবশিষ্ট কমবেশ ৫ পাঁচ কাঠা ১ এক ছটাক ৩০ ত্রিশ বর্গফুট সম্পত্তিতে খাস দখলীকার বিদামান থাকাবস্থায় উক্ত শ্রী উদয় চন্দ্র বিশ্বাস মহাশয় জনৈক শ্রীমতী মেরী ডোনা স্বামী আর্জি পিয়ার ডোনা সাং ৩৩/১ ইসমাইল স্ট্রীট, এন্টালি মহাশয়কে উক্ত সম্পত্তি তৎকালীন উপযুক্ত মূল্যে বিক্রয় করত: খাস দখলাদি প্রদানে চির নি:সুত্ব ও

ক্রমশ...........

Geeta Choudhury.

Geeta Choudhury

দখলীচ্যুত হয়েন । উক্ত কোবালা দলিলটি আলিপুর সদর সাবরেজেষ্ট্রী অফিসের ১ নং বহির ২৫নং ভল্যুমের ২৫৯ হইতে ২৬২ পৃষ্ঠার লিখিত সন ১৩৪৭ সালের ১৯৬৪ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে । উক্ত সম্পত্তিতে শ্রীমতি মেরী ডোনা খরিদাবিধি উক্ত সম্পত্তিতে খাস দখলীকার বিদ্যমান থাকিয়া উক্ত সম্পত্তি জনৈকা শ্রীমতি সরোজ বাসিনী বিশ্বাসকে তৎকালীন উপযুক্ত মূল্যে বিক্রয় করতঃ খাস দখলাদি প্রদানে চির নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন । উক্ত কোবালা দলিলটি আলিপুর ডিস্ট্রিক্ট রেজিস্টারী অফিসের ১নং বহির ৬১নং ভল্যুমের ৮৬ হইতে ৮৯ পৃষ্ঠার লিখিত সন ১৯৫৮ সালের ২৮০৭ নং কোবালা দলিল রূপে লিপিবদ্ধ আছে । উক্ত সম্পত্তি খরিদাবধি তদুপরি গৃহাদি নির্ম্মানে বসবাস আদির দ্বারা এবং যাবতীয় দখলের কার্য্যাদি পরিচালনে খাস দখলীকার বিদ্যমান থাকিয়া বিগত ইংরাজী ২৫/৭/১৯৬৯ সালে তাঁহার স্বামী শ্রী ললিত মোহন বিশ্বাসকে একমাত্র ওয়ারেশ ও লিগ্যাল রিপ্রেজেনটেটিভ বিদ্যমান রাখিয়া পরলোক গমন করিলে উক্ত শ্রী ললিত মোহন বিশ্বাস মহাশয় বিগত ইংরাজী ১১/৫/১৯৮১ সালে একবকেতা সাফ বিক্রয় কোবালা দলিল এর দ্বারা কোবালা দাত্রী আমাকে বিক্রয় করতঃ খাস দখলাদি প্রদানে চির নিঃস্বত্ব ও দখলীচ্যুত হয়েন । উক্ত কোবালা দলিলটি আলিপুর সাব রেজেষ্ট্রী অফিসের ১নং বহির ৯৪নং ভল্যুমের ১২০ হইতে ১২২ পৃষ্ঠার লিখিত সন ১৯৮১ সালের ২৪৭৬ নং কোবালা দলিল রূপে লিপিবদ্ধ আছে ।

এক্ষণে নগদ অর্থের বিশেষ প্রয়োজন হওয়ায় অত্রসহ সমুলিত অত্র দলিলের একাংশ গণ্য নকসায় প্রদর্শিত লাল রঙয়ের সীমারেখা দ্বারা পরিচিহ্নিত কমবেশ ২ দুই কাঠা ১ এক ছটাক ৩৫ পঁয়ত্রিশবর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদি মায় উক্ত জমিতে যাইবার জন্য নকসা প্রদর্শিত পথের উপরি ভাগ বা তলদেশ দিয়া ইলেকট্রিক লাইটের বা টেলিফোনের তার কানেকসান, ড্রেন আন্ডার ড্রেণ মায় সুইয়ার আদি সহ গম্পত্তি আদি নগদ ১,৪০,০০০ এক লক্ষ চল্লিশ হাজার টাকা পণ

ক্রমশঃ………

মূলে বিক্রয় করিবার ঘোষণা করিলে কোবালা গ্রহিতা আপনি উক্ত সম্পত্তি খরিদ করিতে স্বীকৃত হইয়া বিগত ইংরাজী ২২/৯/১৯৯৭ তারিখে কোবালা দাতা আমি পন মূল্যের অন্দরে নগদ ৫০০১ পাঁচ হাজার এক টাকা গ্রহণ করিয়া বিগত ইংরাজী ১৯৯৭ সালের ২২শে সেপ্টেম্বর তারিখে এককেতা বায়নাপত্র সম্পাদন ও রেজিস্ট্রি করিয়া দেই। উক্ত বায়নাপত্র দলিলটি বেহালা এ ডি এস আর ও অফিসের ১নং বহির ৪নং ভল্যুমের ১৩৩ হইতে ১৪০ পৃষ্ঠার লিখিত সন ১৯৯৯ সালের ১৯৫ নং দলিল রূপে লিপিবদ্ধ আছে। উক্ত দলিলে ৩৯৭৫০ টাকা মূল্য ধার্য্য হইয়াছে। এবং তাহার জন্য স্ট্যাম্প ও ব্যাঙ্ক ড্রাফট বাবদ ২৬,৫২৭ টাকা জমা হইয়াছে।

এখনে পণ মূল্যের অবশিষ্ট ১,৩৪,৯৯৯ এক লক্ষ চৌত্রিশ হাজার নয়শত নিরানব্বই টাকা কোবালা গ্রহিতা আপনার নিকট হইতে নগদ গ্রহণ করিয়া ও বুঝিয়া পাইয়া নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি নির্দায় ও নির্দোষ অবস্থায় আপনার নাম বরাবর অত্র বিক্রয় কোবালা দলিল করিয়া দিয়া এবং তাহাতে খোলসা খাস দখল বুঝাইয়া দিয়া এককালীন চির নি:সুত্ব ও দখলচ্যুত হইলাম এবং তাহাতে আমার সুত্ব সামিত্ব লোপ পাইল এবং আপনি অদ্য হইতে উক্ত বিক্রীত সম্পত্তিতে নিব্যূঢ় সুত্বে সুত্ববান ও দখলীকার হইয়া দান, বিক্রয় হেবা হস্তান্তর বন্ধকাদির দ্বারা সর্বপ্রকার দলিলাদি সম্পাদনের এক্তিয়ারে সুত্বাধিকারী হইয়া মালিক সরকারে নির্দ্ধারিত করাদি আদায়ে রসিদ পত্রাদি গ্রহনে আপনি মায় ওয়ারেসান স্থলাভিষিক্তগণক্রমে নিব্যূঢ় সুত্বে পরম সুখে ভোগদখল করিতে থাকুন, তাহাতে আমি মায় ওয়ারেসান স্থলাভিষিক্তগণক্রমে কস্মিনকালে কেহ কোন প্রকার কখনও দাবী দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না। যদি কেহ করে তাহা সর্ব্বত্র সর্ব্বতোভাবে অত্র বিক্রয় কোবালা দলিল বলে সর্ব্বতোভাবে সর্ব্বাদালতে ও সর্ব্ব সমক্ষে বাতিল ও নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে। উক্ত বিক্রীত সম্পত্তিতে আমার যাহা কিছু সুত্ব দখল অধিকার ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে সম্পূর্ণরূপে রদ ও রহিত হইয়া অত্র দলিলের বলে আপনাতে

ক্রমশ.........

Geeta Choudhury

বর্ত্তাইব। আপনি অত্র দলিল দর্শাইয়া যাবতীয় আবশ্যকীয় স্থানে আপনার নিজ নাম পত্তন করাইয়া লইবেন তাহাতে আমার কোন প্রকার সাহায্যের প্রয়োজন হইলে তাহাও করিয়া দিতে বাধ্য রহিলাম।

আরও প্রকাশ থাকে যে অত্র দলিলের সমুলিত নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইবে এবং অত্র নকসা সমুলিত পথের উপর দিয়া যথাসম্ভব যান বাহনাদি লইয়া অবাধ চলাচল মায় নকসা প্রদর্শিত পথের উপরি ভাগ বা তলদেশ দিয়া ইলেকট্রিক লাইটের বা টেলিফোনের তার কানেকসান ড্রেন আন্ডার ড্রেন মায় সুইয়ার মায় যাবতীয় ভোগদখলের ইজমেন্ট সুত্বাদি পরিচালনার ভার আপনি কোবালা গ্রহিতার অক্ষুন্ন রহিল।

প্রকাশ রহিল যে পূর্ব্বে উক্ত সম্পত্তি অন্য কাহারও নিকট কোন প্রকার সস্তান্তর আদি মায় সথযোগ কিছু করা নাই বা হয় নাই। উহাতে আমি অপর কাহাকেও সল্পকালে স্থায়ী বা দীর্ঘকাল মেয়াদি বিলি বন্দোবস্ত করি নাই। বিক্রীত সম্পত্তি সরকার বাহাদুর বা কোন সাধারণ প্রতিষ্ঠান কর্তৃক অধিকৃহীত হয় নাই বা উহার উপর কোন ল্যান্ড এ্যাকুইজিশান প্রসিডিংস বহাল নাই বা উহা কোন সরকারী স্কীম ভুক্ত নহে। বিক্রীত সম্পত্তির আমার কোন সরিক বা অংশীদার নাই। উক্ত বিক্রীত সম্পত্তির ষোল আনা রকমের মালিক আছি।

আরও প্রকাশ থাকে যে অত্র দলিলের কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় বা অত্র দলিলের পোষকতায় ন্যায় সঙ্গত অপর কোন দলিল সম্পাদন রেজিস্ট্রী করিয়া লইবার প্রয়োজনীয়তা মনে করেন তৎপোষকে প্রয়োজনীয় দলিলাদি আপনার তলবমত আপনার খরচায় আমি মায় পুত্র পৌত্রাদি ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে সম্পাদন ও রেজেস্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম।

ক্রমশ.........

Geeta Chowdhury

Geeta Chowdhury

এতদর্থে সুস্থ শরীরে সরল অন্ত:করনে অন্যের বিনানুরোধে অত্র দলিলের মর্ম সম্যক অবগত থাকিয়া ও পনের অবশিষ্ট সমুদয় টাকা নগদ বুঝিয়া পাইয়া ও প্রাপ্তি স্বীকারে অত্র দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি তারিখ ইং ১৯৯৯ সালের ১০ই ডিসেম্বর
মোতাবেক বাংলা সন ১৪০৬ সালের - ২৪শে অগ্রহায়ণ।

তপশীল সম্পত্তির পরিচয় :

জেলা ২৪ পরগণা হাল দক্ষিণ ২৪ পরগণা থানা বেহালা এ ডি এস আর ও বেহালা, কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন সাউথ সুবারবন ইউনিটের অন্তর্গত জে: এল: নং ২৩ তৌজি নং ১ - ৬, ৮ - ১০, ১২ - ১৬ মৌজা পূর্ব বড়িষা গ্রামে অত্র সহ সংযোজিত অত্র দলিলের একাংশ গণ্য নকসায় লাল রংয়ের সীমারেখা দ্বারা পরিচিহ্নিত ৬৭২ নং খতিয়ান ভুক্ত ২০৪৫ দুই হাজার পঁয়তাল্লিশ নং দাগে ৫ পাঁচ কাঠা ১ এক ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদির মধ্যে কমবেশ ২ দুই কাঠা ১ এক ছটাক ৩৫ পঁয়ত্রিশবর্গফুট বাস্তু জমি মায় তদুপরিস্থিত গৃহাদি ও আওলাতাদি মায় নকসা প্রদর্শিত পথের উপরিভাগ বা তলদেশ দিয়া যথাসম্ভব যানবাহনাদি লইয়া অবাধ চলাচল মায় নকসা প্রদর্শিত পথের উপরি ভাগ বা তলদেশ দিয়া ইলেকট্রিক বা টেলিফোনের তার কানেকসান ড্রেন আন্ডার ড্রেন মায় সুইয়ার মায় যাবতীয় ভোগদখলের ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি আদি -

গৃহাদির বিবরণ :

১২'৬" ফুট বাই ১০' ফুট প্রশস্ত শয়ন কক্ষ

৬' ফুট বাই ৪' ফুট বারান্দা, ৬' ফুট বাই ৪' ফুট প্রশস্থ রান্নাঘর

ও ৬ ফুট বাই ৪' ফুট প্রশস্ত টয়লেট যাহা ইটের দেওয়াল ও টালির ছাউনিযুক্ত হইতেছে যাহার চৌহদ্দি :-

ক্রমশ—

Geeta Choudhury.

উত্তর : ৮' ফুট প্রশস্ত কমন প্যাসেজ।

দক্ষিণ : শ্রী প্রবীর মজুমদারের জমি ও বাড়ী।

পূর্ব : ১০' ফুট প্রশস্থ কমন প্যাসেজ।

পশ্চিম : শ্রী এস, এন, মল্লিকের জমি ও বাড়ী।

উক্ত জমি বর্ত্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ১২৪ নং ওয়ার্ডের ৩১৫ নং ডায়মন্ডহারবার রোড প্রেমিসেস ভুক্ত সম্পত্তি হইতেছে।

তপশীল টাকার জায় :

| | |
|---|---|
| বায়না বাবদ | ৫,০০১-০০ |
| অদ্য তারিখের পনের বক্রি | ১,৩৪,৯৯৯-০০ |
| মোট - | ১,৪০,০০০-০০ |

সবলগে এক লক্ষ চল্লিশ হাজার টাকা বুঝিয়া পাইলাম।

Geeta Choudhury.

ই সা দি :

১। Tapesh Kumar Basu.
136, Arya Samity Road.
Behala Cal-34.

২। [illegible]
আলীপুর [illegible] কলিকাতা-২৭

মুসাবিদাকারক :

[illegible signature]
এ্যাডভোকেট,
আলীপুর জজকোর্ট

টাইপকারক :


শ্রী পূর্ণ চন্দ্র দাস

শ্রী পূর্ণ চন্দ্র দাস
পপুলার টাইপ চেম্বার
১২/১ ওল্ড পোস্ট অফিস স্ট্রীট,
কলিকাতা - ৭০০ ০০১।

SITE PLAN FOR MR. UMA SHANKAR MONDAL
AT PREMISES NO. 316 DIAMOND HARBOUR ROAD WARD NO. 124. BOROUGH NO. 14. ASSESSEE NO. 41-124-05-0309. IN PART OF DAG NO. 2045. KHATIAN NO. 672 J.L NO. 23 TOUZI NO. 1-6 8-10 12-16 R.S NO. 43. P.S BEHALA NOW THAKURPUKUR. PARGANA - KHASPUR DISTRICT DAKSHIN 24 PARGANAS WITHIN THE CAL. MPL. CORPORATION (S.S. UNIT)

SCALE 1" = 20'0"

TOTAL LAND AREA - 2K - 1 CH - 35SFT



TAPASH KUMAR BASU
SECD. L.B.S. TO C.M.C.
2, N. S. Road, Behala, Cal-34.
L.B.S. No. [illegible] DRG. No. 4/1249

SRI MAINAK BISWAS
Constituted Power of Attorney of
SRI. SUMANTRA MULLICK
SRI. SUJOY MULLICK
SRI. SANTANU MULLICK
SRI. SANDIP MULLICK
SRI. UMA SHANKAR MONDAL

SHREE SAI CONSTRUCTION
Proprietor

TAPASH KUMAR BASU
REGD. L.B.S. TO C.M.C
N. S. Road, Behala, Cal-34.
L.B.S. No. ... DRG. No. L/1249

3.12.99

1.12.99

SRI MAINAK BISWAS
Constituted Power of Attorney of
SRI. SUMANTRA MULLICK
SRI. SUJOY MULLICK
SRI. SANTANU MULLICK
SRI. SANDIP MULLICK
SRI. UMA SHANKAR MONDAL

SHREE SAI CONSTRUCTION

Proprietor